bengalioldsongs.in

# নূতন "একো" ( Echo ), ধাতু নির্ম্মিত রেকর্ড।



আপনার
গান, কথা প্রভৃতি
আপনারই
গ্রামোফোনে
শুনিতে পাইবেন।



(Before 1925)

উপরোক্ত রেকর্ডে আপনারই গ্রামোফোনে কোন প্রকার আলাহিদা যন্ত্রাদি না লাগাইয়া, রেকর্ড বাজাইবার মত বাজাইয়া, আপনাদের কথা বা গান তুলিতে পারেন।

প্রতি রেকর্ড ( পিন সহ ) ১॥০ টাকা। কথা বলিবার কার্ড বোর্ডের হরণ মূল্য—।০

নিম্নলিখিত ব্যবহারবিধি অবলম্বন করিলে উপরোক্ত রেকর্ড হইতে উৎকৃষ্ট ফল লাভ করা যায়।

(১) প্রথমে সাধারণ রেকর্ড বাজাইবার মত সাউণ্ডবক্সে "একো" পিন লাগাইতে হয়।

(২) তৎপরে "একো" ( Echo ) রেকর্ডখানি টার্ণ-টেবিলের উপর রাখিয়া মেসিনে পূরা দম দিন। মেসিন যখন বেশ সুন্দরভাবে চলিতে আরম্ভ করিবে তখন আস্তে আস্তে সাউণ্ড-বক্সটী রেকর্ডে বসাইয়া দিন।

(৩) সাউণ্ডবক্স বসাইবামাত্রই ঐ মেসিনের খুব নিকটে মুখ রাখিয়া কার্ড বোর্ডের ভিতর দিয়া খুব উচ্চৈঃস্বরে এবং স্পষ্ট ভাষায় কথা বা গান করিবেন।

(৪) বিশেষ ব্যস্ত হইবার কারণ নাই। ইহার যে অংশ বাদ যাইবে সেই অংশে পুনরায় গান তোলা যাইতে পারে।

(৫) যখন বক্তব্য শেষ হইবে ও রেকর্ড শেষ হইয়া আসিবে তখন সেই পিন ও সাউণ্ড-বক্সের দ্বারাই সেই রেকর্ড বাজান যাইবে এবং আপনার নিজের গলার আওয়াজ শুনিয়া আশ্চর্য্যান্বিত হইবেন।

বিশেষ অনুরোধ :—যাহাতে আপনার গলার আওয়াজ বেশ জোর হয় সে বিষয়ে লক্ষ্য রাখিবেন।

ধাতু নির্ম্মিত ৬ ইঞ্চি রেকর্ড ডবল্-সাইডেড্ ( দুইদিকেই গান তোলা যায় ) মূল্য—১॥০

কার্ড বোর্ডের হরণ মূল্য—।০

 এম, এল, সাহা, ৫।১ ধর্ম্মতলা ষ্ট্রীট, কলিকাতা।